

# আপনি কি পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশনে যোগ দিতে চান?

~ একসাথে গড়ে তুলি সম্পর্কযুক্ত ভবিষ্যৎ ~

## পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশন কি?

পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশন হলো এমন একটি স্বেচ্ছাসেবী সংগঠন যা এলাকায় বসবাসকারী সবাই মিলে গঠন করে। এটি নিরাপদ ও শান্তিপূর্ণভাবে বসবাসের উপযোগী একটি শহর গড়ে তুলতে, অপরাধ প্রতিরোধ ও দুর্যোগ প্রতিরোধমূলক কার্যক্রম সহ নানা উদ্যোগ পরিচালনা করে।

যারা পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশনে যোগ দিয়েছেন তাদের মতামত ও প্রশ্নাবলী পেছনের পাতায় দেখুন।

পাড়া বা কমিউনিটি  
অ্যাসোসিয়েশন  
পোর্টাল সাইট



এখানথেকে অ্যাক্সেস করুন



**1** আপনার এলাকার পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশন অনুসন্ধান করা যাবে!



**2** এলাকার কার্যক্রম সম্পর্কিত তথ্য প্রকাশিত হচ্ছে!



পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশনের SNS ইত্যাদি লিংকে

**3** সহজে তথ্য দিয়ে পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশনে যোগদানের আবেদন!



নির্দিষ্ট ফর্মে সহজে তথ্য পূরণ করলেই আবেদন সম্পন্ন হবে।



## পাড়া ও কমিউনিটি অ্যাসোসিয়েশন সদস্যদের মতামত



স্কুলে যাওয়ার পথে পরিচিত **প্রবীণরা কথা বলেন**, তাই নিশ্চিতভাবে স্কুলে যেতে পারি। প্রতি বছর এলাকার উৎসব খুব উপভোগ করি, পরিবারের সবাই মিলে যাই।

F সান (১০বছর) কিতা ওয়ার্ডে ১০বছর যাবত ৪ জনের পরিবার (বাবা, মা, বোন) নিয়ে বসবাস করছি।

অবসরের পর প্রথমবার প্রতিবেশীদের সাথে অনুষ্ঠান পরিচালনা করেছি **পরিচিত অপরিচিত মানুষদের সাথে একসাথে কাজ করতে করতে বন্ধুত্ব গড়ে উঠেছে**। ভবিষ্যতেও বিভিন্ন কার্যক্রমে অংশ নিতে চাই।

M সান (৬৬বছর) ২ জনের পরিবার (স্ত্রী) কিতা ওয়ার্ডে ৬৬বছর যাবত বসবাস করছি।



দুর্যোগ প্রতিরোধ প্রশিক্ষণ করা জরুরি, কিন্তু অনেক সময় ভুলে যাই। পাড়া অ্যাসোসিয়েশন থেকে মনেকরিয়ে দেওয়ায় অংশ নিতে পারি। **এছাড়া অ্যাসোসিয়েশনে দুর্যোগ সরঞ্জাম মজুদ থাকায়** জরুরি পরিস্থিতিতে নিশ্চিতভাবে বোধ করি।

T সান (৩৪বছর) কিতা ওয়ার্ডে ৩ জনের পরিবার (স্ত্রী ও ৮ বছরের সন্তান) নিয়ে ৮ বছর যাবত বসবাস করছি।

### ? পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশন সম্পর্কিত প্রশ্নোত্তর কর্নার

বিভিন্ন প্রশ্ন সংগ্রহ করা হয়েছে!

#### Q.1

পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশন কী?

একই এলাকায় বসবাসকারী মানুষদের দ্বারা স্বেচ্ছায় গঠিত সংগঠন, যা পারস্পরিক সৌহার্দ্য বজায় রেখে পরিবেশ রক্ষা, অপরাধ প্রতিরোধ টহল, রাস্তার আলো ব্যবস্থাপনা ইত্যাদি কাজের মাধ্যমে নিজেদের বসবাস যোগ্য শহর তৈরি করে।

#### Q.2

যোগ দিলে কী সুবিধা পাওয়া যায় ?

পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশন এমন একটি সংগঠন যেখানে সদস্যরা একত্রে চিন্তা ও পরিশ্রম করে তাদের এলাকা উন্নত করেন। এর ফলে নিরাপদ, নিশ্চিত ও বসবাস যোগ্য এলাকা তৈরি হয়—এটাই সবচেয়ে বড় সুবিধা। একটি ভালো কমিউনিটি গঠনের জন্য অনেক মানুষের অংশ গ্রহন প্রয়োজন। অনুগ্রহ করে আপনিও সহযোগিতা করুন।

কিতা ওয়ার্ড, পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশনের সদস্যপদ বৃদ্ধির লক্ষ্যে টোকিও মেট্রোপলিটন রিয়েলস্টেট অ্যাসোসিয়েশন উত্তর শাখা ও অল জাপান রিয়েলস্টেট অ্যাসোসিয়েশন টোকিও প্রধান কার্যালয়( জোহোকুশাখা ) এর সঙ্গে যৌথভাবে কাজ করছে।

সম্পাদনা ও প্রকাশনা: কিতা ওয়ার্ড পাড়া বা কমিউনিটি অ্যাসোসিয়েশন ফেডারেশন  
সম্পাদনা সহযোগিতা: টোকিও মেট্রোপলিটন কিতা ওয়ার্ড স্থানীয় উন্নয়ন বিভাগ, স্থানীয় উন্নয়ন শাখা

২০২৬ সালের ফেব্রুয়ারিতে প্রকাশিত